দৈনিক
ইনকিলাব

তারিখ AUG. 15 2006
পৃষ্ঠা ১৭ কলাম ৬

# ঢাবি শামসুন্নাহার হলে সংঘর্ষ

## ছাত্রলীগ নেত্রীর সিট বাণিজ্য : আহত ৩ : তদন্ত কমিটি গঠন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** সিট বাণিজ্য করতে গিয়ে লাঞ্ছিত হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন্নাহার হলের ছাত্রলীগ নেত্রী মমতাজ। গতকাল (সোমবার) দুপুরের এ ঘটনায় ছাত্রদলের হাতে অপর ৩ ছাত্রলীগ কর্মী আহত হয়। এ সময় ছাত্রদল ও ছাত্রলীগ নেত্রীদের চুলোচুলি ও ধস্তাধস্তিতে হলে ব্যাপক উত্তেজনা ছড়িয়ে পড়ে। আতঙ্কে দিগ্বিদিক ছুটতে থাকেন সাধারণ ছাত্রীরা। ছাত্রদল-ছাত্রলীগ নেতৃবৃন্দ ও হল প্রভোস্টের হস্তক্ষেপে পরে পরিস্থিতি শান্ত হয়। ছাত্রলীগ নেতারা এ ঘটনার সঙ্গে জড়িতদের শাস্তি দাবি করেছেন। ঘটনা তদন্তে ইতোমধ্যেই তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

জানা যায়, ছাত্রলীগ শামসুন্নাহার হল শাখার সাধারণ সম্পাদক মমতাজ বেগম গত কয়েকদিন আগে হল প্রভোস্টের কাছে কয়েকটি সিটের জন্য আবেদন করে। ছাত্রলীগ নেত্রীর আবেদনের প্রেক্ষিতে হল প্রভোস্ট ছাত্রলীগ নেত্রী মমতাজকে হলের ৮/১০টি সিট বরাদ্দ দেন। পরে মমতাজ ঐ সিটগুলোতে টাকার বিনিময়ে ছাত্রীদের ওঠায় বলে অভিযোগ পাওয়া যায়। ছাত্রদল নেত্রীরা বিষয়টি হল প্রভোস্ট ড. রাজিয়া আক্তার বানুকে অভিহিত করলে হল প্রভোস্ট ছাত্রলীগ নেত্রী মমতাজকে এ বিষয়ে জিজ্ঞাসা করে। এতে ক্ষিপ্ত হয়ে মমতাজ গত রবিবার রাতে ছাত্রদল নেত্রী তানজিন চৌধুরী লিলিসহ [illegible]


*ইনকিলাব ঃ ঢাবির শামসুন্নাহার হলে ছাত্রলীগ-ছাত্রদলের মধ্যে উত্তেজনার পর পরিস্থিতি শান্ত করার চেষ্টা করছেন হল প্রভোস্ট ড. রাজিয়া আক্তার বানু*

অতিমাত্রায় মাদকাসক্ত হয়ে ভারসাম্যহীন কথাবার্তা বলে, যা ছাত্রদল নেত্রীদের গাত্রদাহের কারণ হয়ে দাঁড়ায়। ছাত্রলীগ নেত্রী মমতাজের বিরুদ্ধে এর আগেও এ ধরনের একাধিক অভিযোগ রয়েছে।

এদিকে গতকাল (সোমবার) সকালে ছাত্রদল নেত্রী লিলি ছাত্রলীগ নেত্রী মমতাজকে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে দু'জনের মধ্যে কথাকাটি শুরু হয়। এক পর্যায়ে ছাত্রদল নেত্রী লিলির নেতৃত্বে ছাত্রলীগের ওপর [illegible] হয়। এ সময় ছাত্রদল এবং ছাত্রলীগের মধ্যে ধস্তাধস্তি ও চুলাচুলি শুরু হলে পুরো হলে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সংবাদ পেয়ে ছাত্রদল-ছাত্রলীগ নেতৃবৃন্দ ও হল প্রভোস্ট ঘটনাস্থলে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। ছাত্রলীগ এ ঘটনায় দোষীদের বিরুদ্ধে ৪৮ ঘণ্টার মধ্যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছে। এদিকে ঘটনার ব্যাপারে জানতে চাইলে হল প্রভোস্ট প্রফেসর ড. রাজিয়া আকতার বানু বলেন, ঘটনার তদন্ত সাপেক্ষে দোষীদের [illegible]